

B.A. 4th Semester (General) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : L2-2

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'বলাকা' কবিতাটি কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- (খ) "শিহরায় দেওদার বন" — কোন কবিতার অংশ? কার লেখা?
- (গ) 'বনলতা সেন' কবিতায় উল্লিখিত দুটি সাগরের নাম লেখো। কবিতাটি কার লেখা?
- (ঘ) 'বনলতা সেন' কবিতায় বনলতা সেন কোথায় থাকেন? তিনি কবিকে কতটা শাস্তি দিয়েছিলেন?
- (ঙ) "গুরু ক'ন 'তুই করেছিস শুরু তলোয়ার দিয়ে দাড়ি চাঁচা' "। — কোন কবিতার অংশ? এখানে গুরু কে?
- (চ) 'কৈফিয়ৎ' কথাটির অর্থ কী? নজরুল ইসলামের 'আমার কৈফিয়ৎ' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ছ) 'প্রার্থনা' কবিতাটি কার লেখা? কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (জ) "জীবন জীবনহীন" — কোন কবির কোন কবিতার অংশ?
- (ঝ) 'কাস্তে' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? এই কবিতায় ক-টি স্তবক আছে?
- (ঞ) " 'বেয়নেট' হ'ক যত ধারালো' " — বেয়নেট কী? উদ্ধৃত পঙ্ক্তিটির পরের পঙ্ক্তি লেখো।
- (ট) 'মহুয়ার দেশ' কবিতাটি কার লেখা? এই কবিতায় কীসের খনির উল্লেখ আছে?
- (ঠ) "আমাদের পেটে তো ভাত নেই" — কোন কবিতার অংশ? কবির নাম কী?
- (ড) 'বাবরের প্রার্থনা' কবিতাটি কার লেখা? কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ঢ) "ধ্বংস ক'রে দাও আমাকে ঈশ্বর" — বক্তা কে? বক্তার এমন বক্তব্যের কারণ কী?
- (ণ) 'অবনী বাড়ি আছে' কবিতায় কে, কী জিজ্ঞাসা করেছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'বলাকা' কবিতার মূল সুর কী? সেই সুর কবিতায় কীভাবে ধ্বনিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।
১+৪=৫
- (খ) "সে বিশ্ব ফিরিয়ে দাও!" — কোন কবিতার অংশ? কোন বিশ্ব ফিরিয়ে দেওয়ার জন্য কবির প্রার্থনা?
১+৪=৫
- (গ) "ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ, চায় দুটো ভাত একটু নুন।" — উদ্ধৃতাংশটি কোন কবির, কোন কবিতার অংশ?
১+১+৩=৫

(ঘ) “ইতিহাসের ঘটনার মধ্যে পিতৃসত্তার আকৃতিই প্রধান হয়ে উঠেছে ‘বাবরের প্রার্থনা’ কবিতায়।” — আলোচনা করো। ৫

(ঙ) “আমার ক্লাস্তির উপরে ঝরুক মছয়া ফুল” — কোন কবির কোন কবিতার পঙ্ক্তি? পঙ্ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪=৫

(চ) ‘পরান মাঝি হাঁক দিয়েছে’ কবিতার কবির নাম লেখো। কবিতাটির মূল বিষয় সংক্ষেপে লেখো। ১+৪=৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) ‘আমার কৈফিয়ৎ’ কবিতায় কবি নজরুল ইসলাম কাদের কীভাবে কৈফিয়ৎ দিয়েছেন তা আলোচনা করো। ২+৮=১০

অথবা,

জীবনানন্দের ‘বনলতা সেন’ কবিতায় প্রকাশিত প্রেমচেতনার স্বরূপ আলোচনা করো। কবিতায় উল্লিখিত দুটি প্রাচীন নগরীর নাম লেখো। ৮+২=১০

(খ) “এ-যুগের চাঁদ হল কাস্তে।” — কবি কাস্তেকে এ-যুগের চাঁদ বলেছেন কেন তা কবিতা অবলম্বনে বিস্তারিত আলোচনা করো। কবিতায় উল্লিখিত চারটি অস্ত্রের নাম লেখো। ৮+২=১০

অথবা,

‘অবনী বাড়ি আছে’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। কবির নাম-সহ কবিতার প্রথম পঙ্ক্তিটি লেখো। ৮+২=১০